# মোহাম্মদপুরে ককটেল বিস্ফোরণে যুবকের মৃত্যু, জেনেভা ক্যাম্পে উত্তেজনা



সংগৃহীত ছবি

রাজধানীর মোহাম্মদপুরের জেনেভা ক্যাম্পে আধিপত্য বিস্তারকে কেন্দ্র করে দুই গ্রুপের সংঘর্ষের সময় ককটেল বিস্ফোরণে মো. জাহিদ (২৫) নামে এক যুবক নিহত হয়েছেন।

ঘটনাটি ঘটেছে বুধবার (২২ অক্টোবর) গভীর রাতে, আনুমানিক সাড়ে ৩টার দিকে। প্রত্যক্ষদর্শীদের মতে, সংঘর্ষ চলাকালীন হঠাৎ একাধিক ককটেলের বিস্ফোরণ ঘটে, এতে জাহিদ গুরুতর আহত হন। স্থানীয়রা দ্রুত তাকে উদ্ধার করে প্রথমে ট্রমা সেন্টারে ও পরে ঢাকা মেডিকেল কলেজ (ঢামেক) হাসপাতালে নিয়ে যান। তবে ভোরে চিকিৎসক তাকে মৃত ঘোষণা করেন।

ঢামেক হাসপাতাল পুলিশ ফাঁড়ির ইনচার্জ পরিদর্শক মো. ফারুক বিষয়টি নিশ্চিত করে জানান, নিহতের মরদেহ ময়নাতদন্তের জন্য হাসপাতালের মর্গে রাখা হয়েছে এবং বিষয়টি তদন্তের জন্য সংশ্লিষ্ট থানাকে অবহিত করা হয়েছে।

নিহতের পরিবার জানায়, জাহিদ পেশায় মোবাইল সার্ভিসিং মেকানিক ছিলেন এবং পরিবারের সঙ্গে জেনেভা ক্যাম্পেই বসবাস করতেন। রাতে বন্ধুদের সঙ্গে বাইরে বের হলে সংঘর্ষের মধ্যে পড়ে তিনি আহত হন। ককটেলের একটি বিস্ফোরণ তার খুব কাছেই ঘটায় তিনি গুরুতর দগ্ধ হন এবং পরে মৃত্যু হয়।

এদিকে, সংঘর্ষের কারণ ও কারা ককটেল বিস্ফোরণ ঘটিয়েছে তা জানতে তদন্ত শুরু করেছে পুলিশ। মোহাম্মদপুর থানার কর্মকর্তারা জানিয়েছেন, এলাকায় উত্তেজনা নিয়ন্ত্রণে অতিরিক্ত পুলিশ মোতায়েন করা হয়েছে এবং দোষীদের শনাক্তে অভিযান চলছে।

ঘটনার পর এলাকায় আতঙ্ক ছড়িয়ে পড়েছে, তবে পরিস্থিতি বর্তমানে নিয়ন্ত্রণে রয়েছে বলে জানিয়েছে আইনশৃঙ্খলা রক্ষাকারী বাহিনী।

LENS ASIA